

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ১৬, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
[ মুসক আন্তর্জাতিক সম্পর্ক ও কূটনৈতিক অব্যাহতি শাখা ]  
[ মূল্য সংযোজন কর ]  
বিশেষ আদেশ

তারিখ : ২৫ আশ্বিন, ১৪২৬ বঙ্গাব্দ/১০ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয় : বিশ্ব খাদ্য কর্মসূচী (World Food Programme বা WFP) কর্তৃক স্কুল ফিডিং প্রোগ্রামের আওতায় বিস্কুট ক্রয়ের ক্ষেত্রে প্রযোজ্য মূল্য সংযোজন কর (মুসক) মওকুফ প্রদান।

নং ১৬/মুসক/২০১৯—যেহেতু, বিশ্ব খাদ্য কর্মসূচী (World Food Programme বা WFP) স্থানীয় উৎপাদকের নিকট হতে বিস্কুট ক্রয়পূর্বক দেশের বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রাথমিক স্কুলের শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যে বিতরণ করবে, এবং

যেহেতু, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও বিশ্ব খাদ্য কর্মসূচী এর মধ্যে সম্পাদিত চুক্তিতে বিধি ও পদ্ধতি অনুসরণে দেশের অভ্যন্তরে স্থানীয়ভাবে ক্রয়কৃত খাদ্য সামগ্রীর উপর আরোপণীয় স্থানীয় করাদি সরকার মওকুফ করবে মর্মে শর্ত রয়েছে;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন ২০১২, এর ধারা ১২৬ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জনস্বার্থে, WFP এর ৩০ মে, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখের পত্র নং-Raf:VAT/02/2019 অনুসারে স্থানীয় সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে WFP এর সম্পাদিত চুক্তির আওতায় নিম্নবর্ণিত প্রতিষ্ঠানসমূহ কর্তৃক তাদের নামের বিপরীতে প্রতিক্ষেত্রে বর্ণিত পরিমাণ বিস্কুট সরবরাহের ক্ষেত্রে উৎপাদন পর্যায়ে আরোপণীয় মূল্য সংযোজন কর (মুসক) হতে অব্যাহতি প্রদান করা হলো, যথা:—

সূত্র	প্রতিষ্ঠানের নাম	প্রতিষ্ঠান/ফ্যাক্টরীর ঠিকানা	সরবরাহতব্য বিস্কুটের পরিমাণ (মেঃটন)
4500070630	Masafi Bread & Biscuit Industries Ltd.	Gorai, Mirzapur, Tangail	69.462

(২৩৬১৯)

মূল্য : টাকা ৪০০০

সূত্র	প্রতিষ্ঠানের নাম	প্রতিষ্ঠান/ফ্যাক্টরীর ঠিকানা	সরবরাহতব্য বিস্কুটের পরিমাণ (মেঃটন)
4500070697	Central Marketing Co.	Ramnagar, Jessore	69.462
4500070712	New Olympia Biscuit Fac. (Pvt) Ltd	Savar, Dandabor-Polashbari, Dhaka	287.021
4500070725	PRAN Dairy Ltd.	PRAN-RFL Center, 105 Middle Badda, Dhaka-1212.	248.173
4500070707	Masafi Bread & Biscuit Industries Ltd.	Gorai, Mirzapur, Tangail	587.083
4500070726	Resco Biscuits & Bread Factory (Pvt) Ltd.,	BSCIC Industrial Estate, Jessore	185.835
4500070713	Dimond Biscuit Ltd.	Gorai, Mirzapur, Tangail	380.766
4500070708	Central Marketing Co.	Ramnagar, Jessore	393.660
4500070727	Janata Biscuit Company	Boira, Khulna	101.323
4500070709	Hooghly Biscuit Company	Khulna, Bangladesh	340.275
Total Quantity			2,663.06

০২। উল্লেখ্য, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৪৬ অনুযায়ী সংশ্লিষ্ট সরবরাহকারী প্রতিষ্ঠান তৎকর্তৃক সরবরাহকৃত বিস্কুট উৎপাদনে ব্যবহৃত উপকরণের উপর পরিশোধিত মূল্য সংযোজন কর রেয়াত গ্রহণ করতে পারবে না। এ অব্যাহতি সুবিধা গ্রহণকল্পে বিস্কুট উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহকে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ৪০ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করতে হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

হাছান মুহম্মদ তারেক রিকাবদার  
প্রথম সচিব (মুসক নীতি)।